মহাকাশে বানাবো হবে সিনেমা, বিষ্ময়কর কাণ্ড রাশিয়ার

পৃথিবীর সীমানা ছাড়িয়ে এবার মহাকাশে হবে সিনেমার শুটিং। শোনা যাবে, লাইট-ক্যামেরা-অ্যাকশনের শব্দ। হ্যাঁ নতুন, নতুন গ্রহের আবিস্কারের বদলে এবার মহাকাশকেই শুটিং ডেস্টিনেশন হিসেবে বেছে নিয়েছে পুতিনের দেশ রাশিয়া।

শুনতে অবাক লাগলেও এটাই সত্যি ঘটনা। ব্যায়বহুল এই সিনেমার জন্য চলছে নায়িকার খোঁজ। গোটা রাশিয়া জুড়ে অনলাইনে চলছে অভিনেত্রী বাছাইয়ের কাজ। তবে যেমন তেমন নয়, মহাকাশের মাটিতে শুটিংয়ের জন্য বাছাই করা অভিনেত্রীর থাকতে হবে বিশেষ কতগুলো বৈশিষ্ট্য। তবেই ছাড়পত্র মিলবে সিনেমা করার।

জানা গেছে, রাশিয়ার বৃহত্তম টিভি চ্যানেল– ‘চ্যানেল ওয়ান’ প্রথমবারের মতো মহাকাশে চলচ্চিত্র নির্মাণের কথা ঘোষণা করেছে। এর জন্য দরকার একজন আগ্রহী অভিনেত্রীর। যার বয়স হতে হবে ২৫ থেকে ৪৫ বছরের মধ্যে। উচ্চতা হবে ১৫০-১৮০ সেমি। দৈহিক ওজন ৫০-৭৫ কেজি হওয়া বাঞ্চনীয় এবং আবেদনকারী প্রার্থীকে অবশ্যই রাশিয়ান হতে হবে। এছাড়াও তার নামে থাকতে পারবে না কোনও ক্রিমিনাল রেকর্ড।

তবে আপাতত ছবিটির অস্থায়ীভাবে একটি নামকরণ করা হয়েছে। আর সেটি হল ‘চ্যালেঞ্জ’। এটি যৌথভাবে প্রযোজনা করবে রোজকসমস, চ্যানেল ওয়ান এবং ইয়েলো, ব্ল্যাক অ্যান্ড হোয়াইট স্টুডিও। চিত্রগ্রহণ ২০২১ সালের অক্টোবরে আন্তর্জাতিক মহাকাশ স্টেশনে হবে।

গোলাগুলিতে মার্কিন র্যাপার নিহত

জনপ্রিয় আমেরিকান র্যাপার কিং ভন মারা গেছেন। শুক্রবার ভোরে যুক্তরাষ্ট্রের আটলান্টায় একটি নাইটক্লাবের বাইরে দুই দলের

গোলাগুলিতে তিনি নিহত হন।

তদন্তকারী সংস্থার বরাত দিয়ে আন্তর্জাতিক সংবাদমাধ্যম জানায়, ডেভন বেনেট ওরফে কিং ভন ও তার দল এদিন আটলান্টার অপিয়াম নাইটক্লাব থেকে বেরিয়ে একটি পার্কিং লটে যান। সেখানে দু’জন লোক এসে তাদের সঙ্গে তর্কে জড়ায়। উত্তপ্ত বাকবিতণ্ডার একপর্যায়ে গোলাগুলি শুরু হয়। উভয় পক্ষ থেকেই গুলি চলে।

এসময় মোট ছয়জন গুলিবিদ্ধ হয়। বেনেট (কিং ভন) ও আরও দু’জন এতে মারা যান। বাকি তিনজন গুরুতর জখম হন। গতমাসেই কিং ভনের নতুন অ্যালবাম ‘ওয়েলকাম টু ও-ব্লক’ প্রকাশ পায়। তার মৃত্যুতে শোকাচ্ছন্ন হয়ে পড়ে তার অগণিত অনুরাগী-শুভানুধ্যায়ীরা।

আরও একবার দর্শক ভালোবাসায় কোটিপতি কোনাল-বুবলী!

গানের সুরে আগেই কোটি দর্শকের মন জয় করেছেন কণ্ঠশিল্পী কোনাল। পাসওয়ার্ডের ‘আগুন লাগাইলো’, বীরে ‘তুমি আমার জীবন’ এ দুই গান কোটি দর্শকদের কাছে পৌঁছানোর পর এবার ‘বীর’ এ কোনালের ‘মিস বুবলী’ গানটিও কোটির ঘর পার করেছে।

মজার ব্যাপার হচ্ছে, কোনালের এ তিনটি হিট গানে ঠোঁট মিলিয়েছেন বুবলী। এবার ‘মিস বুবলী’ গান দিয়ে তৃতীয়বারের মতো দর্শক ভালোবাসায় ইউটিউব ভিউতে কোটিপতি হলেন কোনাল-বুবলী!

এরকম উল্লেখযোগ্য দর্শক সাড়া পেয়ে গায়িকা কোনাল গণমাধ্যমকে জানিয়েছেন, ‘কোটি ভিউ মানে এক কোটি দর্শকের ভালোবাসা ও তাদের মনে ঠাঁই পাওয়া। দর্শকের সেই ভালোবাসায় আমি সত্যিই সিক্ত।’ তিনি ‘বীর’ ছবির প্রযোজক শাকিব খান ও দর্শকদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেছেন। এছাড়া গানগুলোতে বুবলীর প্রাণবন্ত পারফর্মেরও প্রশংসা করেন কোনাল।

উল্লেখ্য, ‘মিস বুবলী’ গানটি লিখেছেন কলকাতার প্রিয়

চট্টোপাধ্যায়, সুর সংগীত করেন আকাশ সেন। শাকিব খানের এসকে ফিল্মের প্রযোজনায় কাজী হায়াৎ পরিচালিত ৫০ তম ছবি ‘বীর’। শাকিব-বুবলী ছাড়াও ছবিতে অভিনয় করেছেন মিশা সওদাগর, সোহেল খান, নাদিম, কাজী হায়াৎ প্রমুখ।

দীঘির বয়স বাড়লেও জয়া যেন থমকে গেছেন, ফেসবুকে ভাইরাল

সম্প্রতি ফেসবুকে ভাইরাল হয়েছে দুই বাংলার জনপ্রিয় অভিনেত্রী জয়া আহসান ও শিশুশিল্পী থেকে নায়িকা হওয়া প্রার্থনা ফারদিন দীঘির একটি ছবি।

ছবির সেই ছোট্ট দীঘি এখন শিশুশিল্পী থেকে নায়িকা হয়ে বড়পর্দায় অভিষেক করতে যাচ্ছেন। কিন্তু জাতীয় চলচ্চিত্র পুরস্কারপ্রাপ্ত অভিনেত্রী জয়া আহসান যেন সেই আগের জয়া-ই রয়ে গেছেন। তার বয়স বাড়েনি একটুও, এখনও তরুণী তিনি। ভাইরাল হওয়া এই ছবি নিয়ে নেটিজেনদের মন্তব্য যেন তা-ই বলছে।

ছবির সেই ছোট্ট দীঘি আর এখন আগের মতো শিশুশিল্পী নেই, তিনি অনেকটা পরিণত হয়ে নায়িকার খাতায় নাম লিখিয়েছেন। বলা চলে বড় হয়েছেন দীঘি, কিন্তু বছরের পর বছর গড়ালেও কেন যেন থমকে আছেন জয়া।

তার সৌন্দর্য্যের কাছে হার মেনেছে বয়স। এমনিতেই জয়ার তারুণ্য নিয়ে নেটিজেনদের অনেক কৌতুহল, তার মধ্যে দীঘি ও তার এই ছবি ভাইরাল হওয়ায় ফের আলোচনার জন্ম দিয়েছে। ফলে জয়ার বয়স সবার কাছে রহস্য হয়েই থাকছে।

মা হলেন শার্লিন ফারজানা

মা হয়েছেন অভিনেত্রী শার্লিন ফারজানা। গত রবিবার সকালে রাজধানীর স্কয়ার হাসপাতালে জন্ম নেওয়া পুত্রসন্তান ও মা দু’জনই ভালো আছেন। সন্তানের নাম রেখেছেন ইয়াসিন এহসান। শার্লিন গণমাধ্যমকে বলেন, আমার কোলজুড়ে পুত্রসন্তান এসেছে। বাবু ও আমি সুস্থ আছি। বাচ্চার বাবাসহ পরিবারের সবাই অনেক বেশি খুশি। সবার কাছে আমাদের জন্য দোয়া চাইছি।

জানা গেছে, শার্লিন ফারজানা বিয়ে করেছেন গত বছরের ২৩ নভেম্বর। গুলশানের একটি রেস্তোরাঁয় সম্পন্ন হয়েছিল তার বিয়ে। বর এহসানুল হক। পেশায় ব্যবসায়ী ও প্রকৌশলী। বিয়ের খবর গত অক্টোবরে জানিয়েছিলেন অভিনেত্রী শার্লিন ফারজানা। এবার নভেম্বরে এই অভিনেত্রী মা হওয়ার খবর দিলেন।

উল্লেখ্য, ২০০৮ সালে ‘ইউ গট দ্য লুক’ সুন্দরী প্রতিযোগিতায় বিজয়ী হয়ে শোবিজে পথচলা শুরু করেছিলেন। এরপর বেশ কিছু নামিদামি ফ্যাশন হাউসের মডেল হয়ে নিজের উপস্থিতি প্রকাশ করেছেন। কাজ করেন বেশ কিছু বিজ্ঞাপনের মডেল হিসেবে।

বিজ্ঞাপনের মডেল হয়ে রীতিমতো নতুন করে আলোচনায় চলে আসেন তিনি। কাজ করেন অসংখ্য নাটকে। অভিনয়ের পথচলায় শার্লিন ফারজানা নিজেকে একজন অভিনেত্রী হিসেবেই প্রতিষ্ঠিত করে তুলছেন। সম্প্রতি মুক্তি পেয়েছে তার ‘উনপঞ্চাশ বাতাস’ সিনেমাটি।

শুটিংয়ে যৌন হয়রানির অভিযোগে বলিউড অভিনেতা গ্রেফতার

শুটিংয়ে যৌন হয়রানির অভিযোগে গ্রেফতার বলিউডের জনপ্রিয় অভিনেতা বিজয় রাজ। ভারতের মহারাষ্ট্রের গোন্ডিয়া থানার রামনগরের পুলিশ তাকে গ্রেফতার করে।

গোন্ডিয়ার অতিরক্তি পুলিশ সুপার জানান, বিজয় রাজের বিরুদ্ধে শ্লীলতাহানির মামলা দায়ের হয়েছে। সেই মামলার প্রেক্ষিতে গোন্ডিয়ার একটি হোটেল থেকে গ্রেফতার করা হয় বিজয় রাজকে।

মধ্যপ্রদেশে বিদ্যা বালান অভিনীত ‘শেরনি’ নামে একটি ছবির শুটিং করছিলেন বিজয় রাজ। এ শুটিংয়ের জন্য গত ১৫ দিন ধরে মহারাষ্ট্রের গোন্ডিয়ার একটি হোটেলে ছিলেন বিজয় রাজ। সেখানে তিনি এক নারী ক্রিউ মেম্বারকে শ্লীলতাহানি করেন। ওই ঘটনার পর ওই নারী গোন্ডিয়ার রামনগর থানায় অভিযোগ দায়ের করেন বিজয় রাজের বিরুদ্ধে।

তিনি দাবি করেন, বিজয় তাকে মধ্যপ্রদেশ ও গোন্ডিয়া, দুটি শুটিং সেটেই শ্লীলতাহানি করেছে।অভিনেতার বিরুদ্ধে ভারতীয় দণ্ডবিধির ৩৫৪-র এ এবং ডি ধারায় দায়ের করা হয় অভিযোগ। তার প্রেক্ষিতেই পুলিশ অভিযান চালিয়ে গোন্ডিয়ার হোটেল থেকে গ্রেফতার করে অভিনেতা বিজয়কে।

অজয় দেবগনের জন্য আজও আমি সিঙ্গেল: টাবু

অজয় দেবগনের জন্যে আজও আমি একা বলে জানালেন বলিউড অভিনেত্রী টাবু। গতকাল বুধবার (৪ নভেম্বর) ৫০ বছরে পা দিলেন তিনি। কেন তিনি সারা জীবন একা থাকলেন? কেন তিনি বিয়ে করলেন না? জীবনের প্রতিটি মুহূর্তেই এই প্রশ্নের সম্মুখীন হতে হয়েছে তাকে। তবে একটি সাক্ষাৎকারে তিনি এসব প্রশ্নের যোগ্য জবাবটি দিয়েছিলেন।

তিনি জানান, অজয় দেবগনকে আমি ২৫ বছর ধরে চিনি। আমার ভাইয়ের প্রতিবেশী ও সবথেকে ভাল বন্ধু। সেই থেকেই আমাদের একসঙ্গে বড় হওয়া ও গভীর বন্ধুত্বের শুরু।

কিন্তু ছোটবেলায় তারা দু’জন মিলে আমার ওপরে নজরদারি করত। কোনও ছেলেকে আমার আশেপাশে আসতে দিত না। কখনও কোনও ছেলেকে আমার সঙ্গে কথা বলতে দেখলে তাকে গিয়ে হুমকি দিয়ে আসত। তাই আজ আমার সিঙ্গেল

থাকার জন্য যদি কাউকে দোষারোপ করতেই হয়, তাহলে সে হল অজয়।

সত্যিই কি সংসার ভাঙছে শ্রাবন্তীর?

রোশন সিংয়ের সঙ্গে শ্রাবন্তী আর থাকছেন না! এমন খবরেই তোলপাড় পেজ থ্রির পাতা। বিষয়টির খোঁজ করতেই দেখা যায়, অভিনেত্রীর নিজের ইনস্টাগ্রাম থেকে উধাও স্বামী রোশন সিংয়ের সমস্ত ছবি। অন্যদিকে রোশন সিংয়ের সোশ্যাল হ্যান্ডেল খুঁজলেও মিলছে না স্ত্রী শ্রাবন্তীর কোনও ছবি।

শ্রাবন্তীর ইনস্টাগ্রাম হ্যান্ডেলে রোশন সিংয়ের কোনও ছবি না মিললেও, অভিনেত্রী এখনও নিজেকে ‘শ্রাবন্তী সিং’ হিসেবেই পরিচয় দিচ্ছেন। অভিনেত্রীর ইনস্টাগ্রাম হ্যান্ডেল খুঁজলে দেখতে পাবেন শ্রাবন্তী সিং-এর নাম। যদিও এই মুহূর্তে টলিউডের এই প্রথম সারির অভিনেত্রী স্বামী রোশন সিংয়ের সঙ্গে থাকছেন না বলেই সূত্রের খবর (২০১৮ সালে রোশন সিংয়ের সঙ্গে গাঁটছড়া বাঁধেন শ্রাবন্তী)

অন্যদিকে একটি সর্বভারতীয় সংবাদমাধ্যমের খবর অনুযায়ী, শ্রাবন্তীর সঙ্গে সম্পর্ককে ‘অতীত সম্পর্ক’ বলে মন্তব্য করেছেন রোশন সিং।রোশন বলেছেন, এটা সত্যি যে আমরা একসঙ্গে থাকছি না। তবে আমি এ বিষয়ে কোনো মন্তব্য করতে রাজি নই। কারণ, আমাদের অতীত হয়ে যাওয়া সম্পর্ককে আমি সম্মান করি।

শ্রাবন্তী বলেছেন, হয়তো আমাদের সম্পর্কের “হানিমুন পর্ব” শেষ হয়ে গেছে। তার মানে এই না যে আমাদের সম্পর্ক শেষ হয়ে গেছে। সমস্ত সম্পর্কেই উঁচুনিচু বাঁক আছে। আমি বিশ্বাস করি, আমাদের নিজেদের সমস্যা আমরা নিজেদের মতো করে সমাধান করে নেব। সম্পর্কটা আবার জোড়া লাগবে।

প্রসঙ্গত, প্রথম স্বামী রাজীব বিশ্বাসের সঙ্গে বিচ্ছেদের পর মডেল কৃষ্ণ ব্রজর সঙ্গে সম্পর্কে জড়ান শ্রাবন্তী। তাদের বাগদান থেকে আইনি বিয়ে হয়ে গেলেও, শেষ পর্যন্ত টেকেনি সেই সম্পর্ক। ফলে মডেল

কৃষ্ণ ব্রজের সঙ্গে বিচ্ছেদ হয়ে যায় শ্রাবন্তীর।

কৃষ্ণ ব্রজর সঙ্গে বিচ্ছেদের পর ২০১৮ সালে রোশন সিংয়ের সঙ্গে গাঁটছড়া বাঁধেন শ্রাবন্তী। রোশনের বাড়িতে চুপচাপ বিয়ে সেরে ফেলেন এই অভিনেত্রী। শ্রাবন্তী-রোশনের বিয়েতে হাজির হন দুই পরিবারের ঘনিষ্ঠরা। বিয়ের এক বছর কাটতে না কাটতেই ফের ভাঙনের শব্দ শোনা যাচ্ছে দুজনের সংসারে।

কাজলের বিয়ের লেহেঙ্গার দাম কত?

কাজল আগরওয়াল, ভারতের দক্ষিণী সিনেমার লাস্যময়ী অভিনেত্রী। সম্প্রতি প্রেমিক গৌতম কিচলুর সঙ্গে সাত পাকে বাঁধা পড়েন তিনি। গত ৩০ অক্টোবর দ্য তাজ প্যালেস হোটেলে বিয়ের আনুষ্ঠানিকতা সম্পন্ন হয়।

বিয়েতে কাজল পরেছিলেন লেহেঙ্গা, আর গৌতম পরেছিলেন শেরওয়ানি। সামাজিক যোগাযোগমাধ্যমে কাজল ও গৌতমের বিয়ের এই ছবি ছড়িয়ে পড়ে, যা মুহূর্তেই ভাইরাল হয়ে যায়। কাজলের পরনে লেহেঙ্গাটি নেটিজেনদের নজর কেড়েছে। অনেকে জানতে চাচ্ছেন, এই লেহেঙ্গা তৈরিতে কত খরচ হয়েছে? কিংবা তৈরিতে কতদিন লেগেছে?

কাজলের বিয়ের লেহেঙ্গাটি ডিজাইন করেছেন অনামিকা খান্না। তিনি জানান, লেহেঙ্গাটিতে অ্যামব্রয়ডারি ফ্লোরাল কারুকাজ করা হয়েছে। ২০ জন শ্রমিক ১ মাসে এটি তৈরি করেছেন। অক্টোবরের প্রথম সপ্তাহে কাজল বিয়ের ঘোষণা দেন। আর তার আগেই এই লেহেঙ্গা তৈরির কাজ শুরু করেন তারা। তবে অনামিকা খান্না খরচের বিষয়ে কিছু জানাননি।
ভারতীয় একটি সংবাদমাধ্যম জানিয়েছে, এটি তৈরিতে ব্যয় হয়েছে ১ লাখ রুপির বেশি।

অন্যদিকে কাজল তার ভেরিফায়েড ইনস্টাগ্রামে লেহেঙ্গা পরিহিত বেশ কিছু ছবি পোস্ট করেছেন। আর ডিজাইনার অনামিকা খান্নাকে ধন্যবাদ জানিয়ে এ অভিনেত্রী লিখেন—প্রিয় অনামিকা খান্না, এই চমৎকার

পোশাকের ছোট একটি বিবরণী প্রয়োজন। যেখানে আপনাদের কঠোর পরিশ্রম ও জটিলতার বিষয় উল্লেখ থাকবে। আমার বিশেষ দিনে গুরুত্ব ও ভালোবাসার সঙ্গে আপনি আমাকে শিল্পখচিত পোশাকটি দিয়েছেন।

দীর্ঘদিন প্রেমের সম্পর্ক থাকলেও চলতি মাসের শুরুতে আনুষ্ঠানিকভাবে বিয়ের ঘোষণা দেন কাজল। কাজলের বর গৌতম কিচলু পেশায় ইন্টেরিয়র ডিজাইনার ও একজন উদ্যাক্তা। তার প্রতিষ্ঠানের নাম ‘ডিসসার্ন লিভিং’।

মার্কিন অভিনেতাকে গুলি করে হত্যা, শোকার্ত হলিউড

সায়েন্স ফিকশন সিরিজ ‘সারফেস’ খ্যাত অভিনেতা এডি হাসেলকে রবিবার সকালে গুলি করে হত্যা করেছে দুর্বৃত্তরা। পুলিশের প্রাথমিক অনুমান, গাড়ি ডাকাতি করতে এসেই এই অভিনেতাকে গুলি করে দুষ্কৃতকারীরা। এমন নৃশংস মৃত্যুর খবরে গোটা হলিউড শোকার্ত।

৩০ বছর বয়সী এই অভিনেতার মৃত্যুর খবর নিশ্চিত করেছেন তার ব্যক্তিগত ম্যানেজার। হাসেলের ম্যানেজার মার্কিন সংবাদপত্র ডেইলি নিউজকে জানান, টেক্সাসে তাকে গুলি করে হত্যা করা হয়। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে হাসেলের গাড়ি ছিনতাইয়ের সময় তাকে গুলি করে হত্যা করে দুর্বৃত্তরা।

সংবাদে বলা হয়, এডি হাসেলের গার্লফ্রেন্ডের অ্যাপার্টমেন্টের বাইরে গুলি করা হয়। গুলি তার পেট বিদ্ধ করে। যদিও গার্লফ্রেন্ড কোনো আততায়ীকে দেখতে পাননি বলেই পুলিশের কাছে দাবি করেছেন।

উল্লেখ্য, অস্কার মনোনীত ছবি ‘দ্য কিডস আর অল রাইট’ এর এই অভিনেতার উল্লেখযোগ্য ছবিগুলোর মধ্যে রয়েছে বম্ব সিটি, হাউস অফ ডাস্ট, ওয়ারিয়র রোড ও ফ্যামিলি উইকেন্ড। তার অভিনীত সবশেষ সিনেমা ২০১৭ সালের ‘ওহ লুসি!’। টিভি শো’তেও তিনি নিয়মিত ও জনপ্রিয় ছিলেন।